

## ব্রাহ্মণবাড়িয়ায় ছাত্র নির্যাতনের ঘটনায় শিক্ষকের বিরুদ্ধে তদন্ত কমিটি গঠন

### ■ ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ায় ছাত্র নির্যাতনের ঘটনায় এক শিক্ষকের অপসারণ চেয়ে বিক্ষোভ ও মানববন্ধন করেছে ছাত্ররা। শনিবার ব্রাহ্মণবাড়িয়া সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের বিক্ষুব্ধ ছাত্ররা কলেজ প্রাঙ্গণে এ কর্মসূচি পালন করে।

কর্মসূচিকালে ছাত্ররা অভিযোগ করে, গত ১৭ অক্টোবর কলেজের এক শিক্ষক ডিপ্লোমা প্রথম বর্ষের দুই ছাত্রকে মারধর করেন। এতে সাব্বির হোসেন নামের ডিপ্লোমা প্রথম বর্ষের ছাত্রের কান দিয়ে রক্ত বের হলে সে ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতালে চিকিৎসা নেয়। ওই শিক্ষক প্রায়ই ছাত্রদের সাথে দুর্ব্যবহার করেন। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে উপযুক্ত বিচারের আশ্বাস দিলে পরিস্থিতি শান্ত হয়।

প্রতিষ্ঠানের অধ্যক্ষ সাবেরা সুলতানা বলেন, 'ঘটনা তদন্তে তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে।' //